

# ১০০, ৫০০ ও ১০০০ টাকা মূল্যমান নোটের

## প্রধান ৪টি নিরাপত্তা বৈশিষ্ট্য

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতি সম্বলিত ১০০, ৫০০ ও ১০০০ টাকা মূল্যমানের নোট লেনদেনের সময় নিম্নবর্ণিত ৪টি নিরাপত্তা বৈশিষ্ট্য খেয়াল করলে আমরা সহজেই আসল নোট চিনতে পারব :

০১। নিরাপত্তা সূত্রঃ ১০০, ৫০০ ও ১০০০ টাকা মূল্যমান নোটের নিরাপত্তা সূতায় বাংলাদেশ ব্যাংকের লোগো এবং নোটের মূল্যমান মুদ্রিত আছে যা নোট এদিক-ওদিক (Tilt) করলে দেখা যাবে। জুন, ২০১৭ হতে প্রচলিত ১০০ ও ৫০০ টাকা মূল্যমান নোটও এদিক-ওদিক করলে চলের বেনী সদৃশ নিরাপত্তা সূত্রের একটি অংশ (Band) লাল হতে সবুজ রংয়ে পরিবর্তন হবে এবং অপরটির সম্পূর্ণ অংশে বাংলায় লেখা নোটের মূল্যমান দেখা যাবে। সাধারণ আলোয় নোটের মূল্যমান আংশিক দেখা গেলেও টেবিল ল্যাম্প কিংবা টর্চ লাইটের নিচে নোট ধরলে পুরো Band জুড়ে মূল্যমান দেখা যাবে।




জুন, ২০১৭ হতে মুদ্রিত ১০০ ও ৫০০ টাকার নোটের নিরাপত্তা সূত্র।

০২। রং পরিবর্তনশীল কালিঃ ১০০ ও ১০০০ টাকা মূল্যমান নোট এদিক-ওদিক করলে রং পরিবর্তনশীল কালিতে মুদ্রিত অংশ সোনালী হতে সবুজ এবং ৫০০ টাকা মূল্যমান নোটে এটি লালচে হতে সবুজ হবে। তাছাড়া, ১০০০ টাকা মূল্যমান নোটের পেছনে বামদিকে থাকা হালকা নীল রঙের BANGLADESH BANK লেখাটিও নোট এদিক-ওদিক করে দেখা যাবে।



০৩। অসমতল ছাপাঃ ১০০, ৫০০ ও ১০০০ টাকা মূল্যমানের প্রত্যেক প্রকার নোটের সামনের ও পেছনের পিঠের ডিজাইন, মাঝখানের লেখা, ইংরেজী ও বাংলা সংখ্যায় লেখা নোটের মূল্যমান, ৭টি সমান্তরাল হেলানো সরলরেখা এবং এর ঠিক নিচে অবস্থিত ছোট ছোট বৃত্তাকার ছাপ খসখসে অনুভূত হবে।

০৪। অতি সূক্ষ্ম আকারের লেখাঃ ১০০, ৫০০ ও ১০০০ টাকা মূল্যমান নোটের পেছনের পিঠের ডিযাক্ষিত অংশে অতি সূক্ষ্ম আকারে BANGLADESH BANK লেখাগুলো আতশী কাঁচ ছাড়াও উন্নতমানের স্মার্ট মোবাইল ফোনের ক্যামেরা প্রয়োজন মত জুম করে কিংবা "Flashlight & magnifying glass" App এর সহায়তায় নিচে প্রদর্শিত অংশগুলোর উপর মোবাইল ফোন ধরে দেখা যাবে।



## ব্যাংকনোটের ব্যবহার সম্পর্কে সচেতন হোন

UV লাইটযুক্ত জালনোট সনাক্তকারী মেশিন ও মোবাইল ফোন এবং আতশী কাঁচ দ্বারাও জালনোট সহজে পরীক্ষা করা যায়।

নোট জালকারীচক্রের প্রতারণা থেকে নিজেকে রক্ষা করুন এবং এসকল নোট জালকারীকে ধরিয়ে দিন। আসল নোটের বিভিন্ন নিরাপত্তা বৈশিষ্ট্য সম্পর্কে নিজে জানুন এবং অপরকে জানতে সহায়তা করুন ॥



বাংলাদেশ ব্যাংক

www.bb.org.bd → bank note & coins → security features